গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের সভা

সভাপতি : আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, (সরকারের গ্রেড-১ কর্মকর্তা) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ০৯ মার্চ ২০২১
সময় : বিকাল ০২:০০ ঘটিকায়
স্থান : মাল্টিপারপাস হল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

আলোচ্য বিষয়:

১। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৩ ডিসেম্বর, ২০২০ তারিখের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্পর্কিত আলোচনা;
(ক) অভিভাবকের সাথে মতবিনিময় সভার আয়োজন;
(খ) কোভিড-১৯ পরিস্থিতিতে পাঠদান অব্যাহত রাখতে বিভিন্ন ধরনের কার্যক্রম বাস্তবায়ন (ঘরে বসে শিখি,সংসদ টেলিভিশন, মুঠোফোন ব্যবহার ও অন্যান্য;
২। জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ বাছাইকরণ;
৩। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ ;
৪। মহাপরিচালক মহোদয় কর্তৃক আয়োজিত প্রাতিষ্ঠানিক গণশুনানি;
৫। বিবিধ ;

সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক-তে সংযোজিত।

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভা শুরু করা হয়।পরিচালক (প্রশাসন) প্রাশিঅ, সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনা শুরু করেন। সভায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ও মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৩ ডিসেম্বর, ২০২০ তারিখের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্পর্কিত আলোচনা; | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৩ ডিসেম্বর, ২০২০ তারিখের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। সে আলোকে নিম্নোক্ত বিষয়ের উপর আলোচনা করা হয়: | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কার্যবিবরণী মোতাবেক নিম্নের বিষয়গুলো বাস্তবায়ন করতে হবে। |
| | (ক) অভিভাবকগণের সাথে মতবিনিময় সভার আয়োজন; | (ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কার্যবিবরণী অনুসারে অভিভাবকের সাথে মতবিনিময় সভা সংক্রান্ত আলোচনায় বিভাগীয় উপপরিচালকগণ জানান মাঠ পর্যায়ে সহকারি উপজেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষকগণ সহকারি শিক্ষকদের মাধ্যমে হোম ভিজিট এবং মোবাইল ফোনের মাধ্যমে অভিভাবকদের সাথে মতবিনিময়ের মাধ্যমে শিশুদের পড়ালেখা ও স্বাস্থ্যের খোঁজ খবর রাখছেন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করছেন। | (ক) অভিভাবকদের সাথে অনলাইন/অফলাইন মতবিনিময় কার্যক্রম অব্যহত রাখতে হবে।<br>বাস্তবায়ন: কর্মকর্তা/শিক্ষক (সংশ্লিষ্ট) |
| | (খ) কোভিড-১৯ পরিস্থিতিতে পাঠদান অব্যাহত রাখতে বিভিন্ন ধরনের কার্যক্রম বাস্তবায়ন (ঘরে বসে শিখি,সংসদ টেলিভিশন, মুঠোফোন ব্যবহার অন্যান্য; | (খ) কোভিড-১৯ পরিস্থিতিতে নিরাপদে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা, প্রান্তিক শিক্ষার্থীদের অন্তর্ভুক্তিকরণ, বিদ্যালয় বন্ধ থাকার ফলে লেখাপড়ায় সৃষ্ট হওয়া ক্ষতি এবং শিক্ষা ক্ষেত্রে তৈরি হওয়া বৈষম্য নিরসনে নিরাময়মূলক পদ্ধতি এবং শিক্ষার্থীর মানসিক স্বাস্থ্য ও মনোসামাজিক চাহিদা পূরণ ইত্যাদি বিষয়ে পদক্ষেপ গ্রহণে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কোভিড-১৯ পরিস্থিতিতে প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকায় সর্বোচ্চ সংখ্যক প্রান্তিক শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করতে সংসদ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে "ঘরে বসে শিখি" কার্যক্রমের মাধ্যমে শ্রেণি পাঠদান অব্যহত রাখতে অনুরোধ করেন। তিনি শিক্ষার্থীর সর্বোচ্চ শিখন নিশ্চিতকরণ, শিখন ঘাটতি দূরীকরণ, অত্যাবশকীয় শিখনফল নির্ধারণ এবং কনটেন্ট ম্যাপিং এর মাধ্যমে রিকোভারী প্লান ও স্কুল রি-ওপেনিং প্লান অনুযায়ী করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে শিশুদের দৈনিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে পরামর্শ প্রদান করেন। | (খ) করোনা পরিস্থিতিতে শিশুদের পাঠদান অব্যাহত রাখতে সংসদ টিভি ও বেতারে প্রচারিত শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণে অভিভাবকদের মাধ্যমে শিক্ষার্থীদের উৎসাহী করতে হবে। বিদ্যালয় বন্ধ থাকায় বিদ্যালয়ে স্থাবর ও অস্থাবর সম্পদ সংরক্ষণ এবং যে কোন মূহুর্তে বিদ্যালয় খোলার পূর্ব প্রস্তুতি হিসেবে স্কুলভিত্তিক প্লান নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়ন: ডিডি, ডিপিইও, |

| | | | |
|---|---|---|---|
| | | | ইউইও, এইউইও ও শিক্ষক (সকল)। |
| ২ | জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ বাছাইকরণ (জাতীয় শুদ্ধাচার নীতিমালা ২০১৭ মোতাবেক); | জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭ এর আলোকে দপ্তর প্রধানগণ স্ব স্ব ক্ষেত্রে চলতি অর্থ বছরের জন্য (২০২০-২০২১) গ্রেড ভিত্তিক কর্মকর্তা/কর্মচারী বাছাই করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সেক্ষেত্রে মাঠ পর্যায় থেকে ধাপে ধাপে কর্মকর্তা/কর্মচারী বাছাই পূর্বক আগামী ৩০ মে/২০২১ এর মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে পরিচালক (প্রশাসন) সভায় প্রস্তাব করেন। তিনি কর্মকর্তা/কর্মচারী বাছাইয়ে যেন নীতিমালার কোনরুপ ব্যত্যয় না ঘটে সে দিকে সংশ্লিষ্ট কমিটিকে তৎপর হতে অনুরোধ জানান। | আগামী ৩০ মে/২০২১ এর মধ্যে জাতীয় শুদ্ধাচার নীতিমালা ২০১৭ অনুসরণ করে দপ্তর প্রধানগণ স্ব স্ব ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করে পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করবেন।<br>বাস্তবায়ন: দপ্তর প্রধান (সকল) |
| ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ; | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আলোকে ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত প্রদান করা হচ্ছে মর্মে বিভাগীয় উপপরিচালকগণ সভায় অবহিত করেন। সুশাসন নিশ্চিত করতে শুদ্ধাচার কর্মপরিকল্পনা/২০২১ এ গৃহীত সকল কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়নের জন্য পরিচালক (প্রশাসন) সকল বিভাগীয় উপপরিচালকগণকে অনুরোধ করেন। | আগামী ৩০ মার্চ/২০২১ তারিখের মধ্যে তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল) |
| ৪ | মহাপরিচালক মহোদয় কর্তৃক আয়োজিত প্রাতিষ্ঠানিক গণশুনানি; | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আলোকে প্রতি ত্রৈমাসিকে একটি করে গণশুনানির আয়োজন করা হয়। উক্ত গণশুনানিতে প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল ধরনের অংশীজন সম্পৃক্ত থাকেন। আগামী ২২/০৩/২০২১ তারিখ মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক আয়োজিত গণশুনানিতে প্রতি বিভাগের আগ্রহী ব্যক্তিবর্গকে সংযুক্ত করার নিমিত্তে বিভাগীয় উপপরিচালকগণ তাঁর দপ্তরের নোটিশ বোর্ডে/অনলাইনে/পত্রের মাধ্যমে আগ্রহী ব্যক্তি/অংশীজনকে অবহিত করতে পারেন মর্মে সভায় আলোচনা করা হয়। | আগামী ২২/০৩/২০২১ তারিখে জুম সভা অনুষ্ঠিত হবে। জুম আইডি ও পাসকোড সংশ্লিষ্টদের অবহিত করা হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন), সিনিয়র সিস্টেম এ্যানালিষ্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও বিভাগীয় উপপরিচালকগণ (সকল) |

৫। বিবিধ বিষয়ে কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি করেন।


আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
(সরকারের গ্রেড-১ কর্মকর্তা)
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
ফোন: ০২-৫৫০৭৪৭৭৭
dgprimarybd@gmail.com
ফ্যাক্স: ৫৫০৭৪৯০৪


স্মারক নং-৩৮.০০.০০০০.১০৭.২৯.০০১.২০১৯- ১০৩ তারিখ: ১৪ চৈত্র, ১৪২৭ / ২৮ মার্চ, ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :**

১। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি), (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল)...................... জেলা।
৭। জনাব ..........................................................................................।
৮। অফিস কপি।

মো: বাহারুল ইসলাম
উপপরিচালক (সংস্থাপন) অতি:দায়িত্ব